

## আমাদের সাথে যোগাযোগ করুন

### ফোন

206-296-VOTE (8683)  
1-800-325-6165  
TTY রিলে: 711

### ডাকযোগে বা সরাসরি

Elections Headquarters  
919 Southwest Grady Way  
Renton, WA 98057

### ইমেইল

elections@kingcounty.gov

সপ্তাহে কাজের দিনে খোলা সকাল 8:30টা থেকে বিকেল 4:30টা পর্যন্ত।

### অনলাইন

kingcounty.gov/elections

## সোশ্যাল মিডিয়াতে আমাদের সাথে যুক্ত হোন

twitter.com/kcelections

facebook.com/kcelections

instagram.com/kcelections



## অ্যাক্সেসযোগ্য ভোটিং

যারা ডাকে পাঠানো ব্যালট পূর্ণ করতে সমস্যায় পড়েছেন, তাদের জন্য নির্বাচন কেন্দ্রে সহায়তামূলক ডিভাইস রয়েছে। আপনি যদি নিজের ভোট দিতে গিয়ে কোনো সমস্যায় পড়েন, তাহলে অনুগ্রহ করে 206-296-VOTE (8683) নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন

## অন্যান্য ভাষায় নির্বাচনের সামগ্রী

ইংরেজি ছাড়াও King County Elections চাইনীজ, কোরিয়ান, স্প্যানিশ এবং ভিয়েতনামিজ ভাষায় ব্যালট ও নির্বাচন সংক্রান্ত সমস্ত সামগ্রী প্রদান করছে।

এই ভাষাগুলির মধ্যে কোনো একটি ভাষায় নির্বাচন সংক্রান্ত সামগ্রীর অনুরোধ করতে আমাদের সাথে যোগাযোগ করুন।

vote!

# King County-তে নির্বাচনরে একটি নির্দেশিকা



## ভোট দেওয়ার জন্য কারা নিবন্ধন করতে পারেন

আপনাকে অবশ্যই Washington স্টেটের একজন বৈধ বাসিন্দা, নাগরিক হতে হবে। অন্তত ষোল বছর বয়সী হতে হবে, আদালতের নির্দেশের কারণে ভোটাধিকার বাতিল করা করা থাকবে না এবং কোনো অপরাধের কারণে বর্তমানে সংশ্লিষ্ট ব্যক্তি জেলে বন্দী থাকতে পারবেন না।

16- এবং 17-বছর বয়সীরা ভোট দেওয়ার জন্য পূর্বেই নিবন্ধন করতে পারেন এবং যখন তারা ভোট দেওয়ার জন্য যোগ্য হবেন, তখন স্বয়ংক্রিয়ভাবে তারা নিজেদের ব্যালট পেতে শুরু করবেন।

NEW

2022 সালের জানুয়ারি মাস পর্যন্ত নিয়ম অনুযায়ী, কমিউনিটি তত্ত্বাবধান নির্বিশেষে - নিম্নলিখিত অপরাধের ক্ষেত্রে মুক্তি পাওয়ার সাথে সাথেই সংশ্লিষ্ট ব্যক্তিদের ভোটাধিকার চালু হয়ে যাবে। যারা আগে থেকে কোনো অপরাধের মামলায় জড়িয়ে পড়েছেন, মুক্তি পাওয়ার পর তাদেরকে ভোট দেওয়ার জন্য কেবলমাত্র নিবন্ধন করতে হবে।

NEW

যে 17 বছর বয়সী ব্যক্তি সাধারণ নির্বাচনের আগে 18 বছর বয়সে পা দেবেন, তারা প্রাথমিক নির্বাচনে ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারবেন। যদি ভোট দেওয়ার জন্য প্রি-রেজিস্টার করেন, তাহলে সংশ্লিষ্ট 17 বছর বয়সী ব্যক্তি যে নির্বাচনের জন্য প্রথমে যোগ্য হবেন, তার জন্য স্বয়ংক্রিয়ভাবে ব্যালট পেতে শুরু করবেন।

## আপনার ব্যালট গ্রহণ করুন

আপনি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করার পর পরবর্তী নির্বাচনের প্রায় তিন সপ্তাহ আগে, চাকুরীরত এবং বিদেশে থাকা ভোটারদের জন্য আরো আগে আপনার ডাকের ঠিকানায় আপনাকে আমরা ব্যালট পাঠাবো।

## আপনার ব্যালটে কী আছে জানুন

প্রতিটি নির্বাচনের আগে আপনি ভোটারের একটি পামফলিফট পাবেন, যাতে ব্যালটের নিয়মাবলীর ব্যাপারে বিস্তারিত তথ্য এবং প্রার্থীদের জন্য যোগাযোগের তথ্য এবং বিবৃতি রয়েছে।

এছাড়া আপনি ব্যক্তিগতকৃত ভোটার নির্দেশিকা পাবেন, যা থেকে জানতে পারবেন কেবলমাত্র কোন নির্বাচনগুলিতে আপনি ভোট দেওয়ার জন্য যোগ্য, যা [kingcounty.gov/elections/my-voter-information](http://kingcounty.gov/elections/my-voter-information) এ পাওয়া যাবে।

[www.kingcounty.gov/elections](http://www.kingcounty.gov/elections)

## আপনার ব্যালট দিয়ে ভোট দিন

প্রতিটি প্রতিযোগিতায় আপনার পছন্দের পাশে ডিম্বাকৃতি অংশটি যেকোনো রঙিন কলম দিয়ে পূরণ করুন। আপনি কোনো ভুল করলে ডিম্বাকৃতি অংশটি সহ আপনার সমগ্র পছন্দটির মাঝখান দিয়ে একটি লাইন টানুন এবং আপনার নতুন পছন্দের পাশে থাকা ডিম্বাকৃতি অংশটি পূরণ করুন। আপনার সমগ্র ব্যালট দিয়ে আপনাকে ভোট দেওয়ার জন্য আমরা উৎসাহ দিলেও, আপনি নিজের পছন্দ অনুযায়ী যেকোনো নির্বাচন এড়িয়ে যেতে পারেন এবং কেবলমাত্র যে সমস্ত নির্বাচনে আপনি ভোট দিয়েছেন, আমরা কেবলমাত্র সেগুলি গণনা করব।

## যে খামটি ফেরত দেবেন, তাতে স্বাক্ষর করুন

আপনার ব্যালট যাতে গণনা করা হয়, তা নিশ্চিত করতে আপনাকে অবশ্যই ফেরত দেওয়ার খামে ঘোষণায় স্বাক্ষর করতে হবে এবং আপনার ভোটার নিবন্ধন রেকর্ডের সাথে সেই স্বাক্ষরের অবশ্যই মিল থাকতে হবে। আপনার স্বাক্ষরটি টানা হাতের ইংরেজিতে না হলেও বা বোঝা না গেলেও চলবে। ফাইলের সাথে কেবলমাত্র এটি মিল থাকতে হবে। আপনার স্বাক্ষর যদি না মিলে বা একদম না থাকে, তাহলে আপনাকে আমরা একটি চিঠি পাঠাবো এবং আমাদের কাছে তথ্য থাকলে ফোনে বা ইমেইলের মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করব। আমাদেরকে একটি সহজ ফর্ম পূরণ করে ফেরত পাঠাতে হবে।

## আপনার ব্যালট ফেরত পাঠান

আপনার ব্যালট আপনি ডাকযোগে, Vote Center (নির্বাচন কেন্দ্র)-এ বা স্টুডেন্ট এনগেজমেন্ট হাব (Student Engagement Hub)-এর সাহায্যে বা King County জুড়ে থাকা 70টিরও বেশি সুরক্ষিত ব্যালট ড্রপ বক্সে ফেরত দিতে পারেন - স্ট্যাম্পের প্রয়োজন নেই।

আপনি যদি নিজের ব্যালট ডাকযোগে পাঠান, তাহলে আমাদের পরামর্শ হলো শুক্রবারের মধ্যে নির্বাচনের দিনের আগে এটি করুন, যাতে সঠিক সময়ে পোস্টমার্ক নিশ্চিত করা যায়। গণনার যোগ্য হতে হলে, আপনার ব্যালট অবশ্যই নির্বাচনের দিনের মধ্যে অথবা ঠিক রাত ৪টার মধ্যে ড্রপ বক্সে পোস্টমার্ক করতে হবে।

## আপনার ব্যালট ট্র্যাক করুন

আপনার ব্যালট গৃহীত হওয়া ও তা গণনার অন্তর্ভুক্ত হওয়া নিশ্চিত করতে অনলাইন ব্যালট ট্র্যাকার চেক করুন। আপনার ব্যালটে স্বাক্ষর সংক্রান্ত কোনো সমস্যা রয়েছে কি না তা দেখার দ্রুততর উপায় হলো অনলাইন ট্র্যাকার ব্যালট, যাতে এটির সমাধান করা যায় এবং আপনার ভোট গণনা করা যায়। [kingcounty.gov/elections/ballot-tracker](http://kingcounty.gov/elections/ballot-tracker)-এ আপনার ব্যালট ট্র্যাক করুন।